# গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়

গাজীপুর ১৭০৬, বাংলাদেশ, টেলিফোন-(০২)৯৯৬৬৯৫৩২৩, ফ্যাক্স-০২-৯৯৬৬৯৫৩১৬, ৯৯৬৬৯৫৩৩৩, পিএবিএক্স: ৯৯৬৬৯৫৩১০-১৪

# Gazipur Agricultural University

GAZIPUR 1706, BANGLADESH, TELEPHONE-(02) 996695323, FAX-880-02-996695316, 996695333, PABX-996695310-14, WEB- www.gau.edu.bd

স্মারক নং: গাকৃবি/প্র:/ব্য:-৯২৫/২০২০/৩৪৮৩ তারিখ: ২০/০৫/২০২৬

প্রেরক: রেজিস্ট্রার
গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়
গাজীপুর-১৭০৬।

প্রাপক: মো. রুহুল আমিন
সহকারী অধ্যাপক, এগ্রিবিজনেস বিভাগ, গাকৃবি, গাজীপুর-১৭০৬।
মোবাইল: +৮৮০১৯৪৭৪৫১৬১০; পাসপোর্ট নং: A14814135
ই-মেইল: ruhul@gau.edu.bd

**বিষয়: শিক্ষা ছুটি মঞ্জুর প্রসংগে।**

উপরোক্ত বিষয়ে আপনার আবেদনের প্রেক্ষিতে এবং শিক্ষা ছুটি মঞ্জুরের বিষয়ে গঠিত কমিটির ৮৫তম (জরুরী) সভার সিদ্ধান্ত মোতাবেক আপনার অনুকূলে Griffith University Post-Graduate Research Fellowship (GUPRS) & Griffith University International Post-Graduate Research Fellowship (GUIPRS) -এর অর্থায়নে Griffith University, Australia –তে "Indigenous Practices to Economic Valuation: Knowledge Brokering for Improved Livelihood" শিরোনামে পিএইচডি প্রোগ্রামে অধ্যয়নের জন্য ২৬/০৫/২০২৬ হইতে ২৫/০৫/২০২৯ তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছর পূর্ণগড় বেতনে শিক্ষা ছুটি মঞ্জুর করত: নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে আপনাকে অস্ট্রেলিয়া গমন ও তথায় অবস্থানের অনুমতি প্রদান করা হইল। ভবিষ্যতে সরকার/গাকৃবি কর্তৃক শিক্ষা ছুটি সংক্রান্ত নতুন কোন সংশোধন/পরিবর্তন/পরিমার্জন আদেশ জারী করা হইলে উহা আপনার ক্ষেত্রেও প্রযোজ্য হইবে।

**শর্তাবলী:**

১. আপনি PhD প্রোগ্রামে অধ্যয়নের বিষয়/গবেষণার শিরোনাম এবং বর্ণিত প্রতিষ্ঠান/দেশ পরিবর্তন করিতে পারিবেন না।
২. এতদসংক্রান্ত যাবতীয় ব্যয়ভার Griffith University Post-Graduate Research Fellowship (GUPRS) & Griffith University International Post-Graduate Research Fellowship (GUIPRS) কর্তৃক বহন করা হইবে। ইহাতে বাংলাদেশ সরকার/গাকৃবি'র কোন আর্থিক সংশ্লেষ থাকিবেনা।
৩. আপনি প্রচলিত অন্যান্য নিয়মাবলী অবশ্যই মানিয়া চলিবেন।
৪. আপনি অস্ট্রেলিয়া পৌঁছানোর পর সেখানে অবস্থিত বাংলাদেশ দূতাবাসে ০৭ দিনের মধ্যে আপনার নাম নিবন্ধন করিবেন। আপনার এই আদেশ কেবলমাত্র অস্ট্রেলিয়া ভ্রমণের ক্ষেত্রে প্রযোজ্য হইবে। আপনি অনুমোদিত দেশের বাহিরে অন্য দেশে যাইতে পারিবেন না। অতীব প্রয়োজনে অন্য দেশে যাইবার প্রয়োজন হইলে গাকৃবি কর্তৃপক্ষকে অবহিত করিতে হইবে।
৫. আপনি অধ্যয়নকালীন প্রতি ৬ (ছয়) মাস পর পর সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে আপনার অধ্যয়নের একটি অগ্রগতি প্রতিবেদন রেজিস্ট্রার, গাকৃবি অনুকূলে প্রেরণ করিবেন।
৬. শিক্ষা ছুটি শেষে আপনি বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে রেজিস্ট্রার, গাকৃবি বরাবর যোগদানপত্র দাখিল করিবেন। তৎসহ আপনার পিএইচডি সনদ, অভিসন্দর্ভ ও প্রকাশনাসমূহের এক কপি গাকৃবি গ্রন্থাগার ও এক কপি রেজিস্ট্রার দপ্তরে সংরক্ষণের জন্য জমা দিবেন।
৭. শিক্ষাছুটি চলাকালে আপনি যদি পিএইচডি গবেষণালব্ধ ডাটা ব্যবহার করিয়া কোন পাবলিকেশন করেন, সেইক্ষেত্রে অথর (Author)-এর ঠিকানা হিসাবে গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয়-এর নাম অবশ্যই উল্লেখ থাকিতে হইবে। উল্লেখ না থাকিলে উক্ত পাবলিকেশন পরবর্তী পদোন্নতি/পর্যায়োন্নয়ন-এর ক্ষেত্রে গ্রহণযোগ্য হইবে না।
৮. ডিগ্রি সমাপ্তিতে প্রদত্ত বন্ড অনুযায়ী আপনি এই বিশ্ববিদ্যালয়ে ০৬ (ছয়) বছর চাকুরী করিতে বাধ্য থাকিবেন। আপনি বিশ্ববিদ্যালয়ে যোগদান/দেশে প্রত্যাবর্তন না করিলে, স্বেচ্ছায় ইস্তফা দিলে/অবসরে যাওয়ার আবেদন করিলে বিশ্ববিদ্যালয়কে শিক্ষা ছুটিকালীন আপনার আহরিত বেতন ও ভাতাদি ১৩% সুদসহ ফেরত দিতে বাধ্য থাকিবেন। উপরন্তু শিক্ষা ছুটিকালীন আপনার পেনশনযোগ্য চাকুরীকাল বলিয়া বিবেচিত হইবে না।
৯. ২১/০৫/২০২২ তারিখের ১০৩ তম সিন্ডিকেট সভার সিদ্ধান্ত মোতাবেক শিক্ষা ছুটিতে গমন করিয়া ডিগ্রি সম্পন্ন না করিয়া বিশ্ববিদ্যালয়ে ফেরৎ আসিলে ক) আপনি শিক্ষা ছুটিকালীন প্রদত্ত সকল বেতন ভাতাদি ১৩% সুদসহ ফেরত দিতে বাধ্য থাকিবেন; খ) আপনার শিক্ষা ছুটিকালীন সময়কে বিনা বেতনে ছুটি হিসেবে বিবেচিত করা হইবে; এবং গ) ভবিষ্যতে আপনার অনুকূলে কোন শিক্ষা ছুটি মঞ্জুর করা হইবে না।
১০. আপনি বিদেশ গমনের পূর্বে আপনার ব্যবহৃত অফিস কক্ষ ও সকল ইলেকট্রিক, ইলেকট্রনিক্স, আইসিটি সামগ্রী বিভাগীয় প্রধানের নিকট বুঝাইয়া দিবেন এবং আপনার নামে বরাদ্দকৃত নতুন শিক্ষক ইউটিলিটি- ৭১০ নং বাসাটি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের নিকট বুঝাইয়া দিবেন।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে-

২০.৫.২০২৬

(মো: আবদুল্লাহ্ মৃধা)
রেজিস্ট্রার (চলতি দায়িত্ব)
ফোন- ০২-৯৯৬৬৯৫৩২৩
ই-মেইল: registrar@gau.edu.bd
তারিখ: ২০/০৫/২০২৬

স্মারক নং: গাকৃবি/প্র:/ব্য:-৯২৫/২০২০/৩৪৮৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল।

১. সিনিয়র সচিব/সচিব, শিক্ষা/স্বরাষ্ট্র/পররাষ্ট্র/জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. ডীন (গ্র্যাজুয়েট স্টাডিজ/কৃষি/ফিশারিজ/ভেটেরিনারি মেডিসিন এন্ড অ্যানিম্যাল সায়েন্স/কৃষি অর্থনীতি ও গ্রামীণ উন্নয়ন/ফরেস্ট্রি এন্ড এনভাইরনমেন্ট/কৃষি ও জৈবসম্পদ প্রকৌশল অনুষদ), গাকৃবি।
৩. পরিচালক (যানবাহন), গাকৃবি।
৪. সচিব, গাকৃবি সিন্ডিকেট-সিন্ডিকেটের পরবর্তী সভায় সদয় ভূতাপেক্ষিক (Post facto) অনুমোদনের জন্য।
৫. মহা-পরিচালক, ইমিগ্রেশন এন্ড পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৬. নিয়ন্ত্রক (বৈদেশিক মুদ্রা), বৈদেশিক মুদ্রা বিনিময় বিভাগ, বাংলাদেশ ব্যাংক, ঢাকা।
৭. সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, আগারগাঁও, শের-এ-বাংলা নগর, ঢাকা-১২০৭।
৮. পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা।
০৯. বিভাগীয় প্রধান, এগ্রিবিজনেস বিভাগ, গাকৃবি।
১০. উপ-পরিচালক (অর্থ ও হিসাব/অডিট), গাকৃবি।
১১. সিস্টেম এনালিস্ট, গাকৃবি- বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।
১২. পিএস টু ভিসি, ভাইস-চ্যান্সেলর দপ্তর, গাকৃবি।
১৩. সহকারী রেজিস্ট্রার, ট্রেজারার দপ্তর, গাকৃবি।
১৪. সহকারী রেজিস্ট্রার, সংস্থাপন-১ শাখা, গাকৃবি।
১৫. AHE, রেজিস্ট্রার দপ্তর, গাকৃবি (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১৬. সংশ্লিষ্ট নথিসমূহ/ব্যক্তিগত নথি।

20.05.26

(মোহাম্মদ আবু আল বাশার)
উপ-রেজিস্ট্রার